গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়
লৌহজং, মুন্সিগঞ্জ।

স্মারক নং-২৫৭ তারিখঃ০৯-০৮-২০২৬খ্রি.।

বিষয়ঃ ২০২৫-২০২৬ খ্রি. সনের বিধিবদ্ধ বার্ষিক অডিট সম্পাদন প্রসংগে।

সুত্রঃ জেলা সমবায় কর্মকর্তা, মুন্সগিঞ্জ মহোদয়রে আদশে নং-৪৭.৬১.৫৯০০.০০০.৩২.০৯৭.২৫-৮৪৪, তারখি- ২৫-০৬-২০২৬খ্রি. ।

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ পত্রের আলোকে আপনার অবগতি ও প্রয়োনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, সুত্রস্থ আদেশ মুলে ক্ষমতা প্রাপ্ত হয়ে ঘোড়দৌড় বাজার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, গ্রাম ঘোড়দৌড় বাজার, ডাকঘরঃ তেউটিয়া, উপজেলাঃ লৌহজং, জেলাঃ মুন্সিগঞ্জ এর ২০২৫-২০২৬খ্রি. সনের (বকেয়াসহ যদি থাকে) বিধিবদ্ধ বার্ষিক অডিট সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত আইন' ২০০২ ও ২০১৩) এর ৪৩(১) ধারা অনুযায়ী আগামী ৩১-০৮-২০২৬খ্রি. তারিখ বেলা-১১ টার সময় সমিতির নিবন্ধিত কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আরম্ভ করা হবে।
উল্লেখিত তারিখে নির্ধারিত স্থানে ও সময়ে সমিতির সকল খাতাপত্র ও রেকর্ডপত্রাদি হালনাগাদ প্রস্তুত পূর্বক সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৯৯(৩), ১০০ (খ) ও ১০২(২) (৩) বিধি মোতাবেক অডিট ম্যানুয়েল অনুযায়ী অডিটের জন্য নির্ধারিত বর্ষের নিম্ন বর্ণিত হিসাব বিবরণী ও রেকর্ডপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো;

| | | |
|---|---|---|
| ১। জমা খরচ হিসাব<br>২। রেওয়ামিল<br>৩। লাভ-ক্ষতির হিসাব | ৪। লাভ-ক্ষতির বন্টন হিসাব<br>৫। ক্রয় বিক্রয় হিসাব (যদি থাকে)<br>৬। উদ্‌বৃত্ত পত্র ও দেনা-পাওনার বিস্তারিত তালিকা এবং | ৭। ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যের জাতীয় পরিচয়পত্রের ফটো কপি ও মোবাইল নাম্বার উপস্থাপন। |

নিম্ন বর্ণিত অডিট বিজ্ঞপ্তিখানা বহুল প্রচার ও সমিতির সকল সদস্য এবং দেনাদার-পাওনাদারদের নিকট প্রেরণ নিশ্চিত করতঃ অডিট কাজে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুল কাদের)
অডিট অফিসার
ও
উপজেলা সমবায় অফিসার
লৌহজং, মুন্সিগঞ্জ।
মোবাইল নম্বর: - ০১৭১৬৮৮৪৩৪৫

প্রাপক,
সভাপতি/সম্পাদক
ঘোড়দৌড় বাজার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, গ্রাম ঘোড়দৌড় বাজার, ডাকঘরঃ তেউটিয়া, উপজেলাঃ লৌহজং, জেলাঃ মুন্সিগঞ্জ।

# -: অডিট বিজ্ঞপ্তিঃ-

ঘোড়দৌড় বাজার ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর সকল সদস্য, দেনাদার-পাওনাদার ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আলোচ্য সমিতির ২০২৫-২০২৬খ্রি. সনের বিধিবদ্ধ বার্ষিক অডিট ৩১-০৮-২০২৬খ্রি. তারিখে আরম্ভ করা হবে। সমিতির সংশ্লিষ্ট সকলকে তাঁদের নিজ নিজ হিসাব সমিতির হিসাবের সাথে আগামী ৩১-০৮-২০২৬খ্রি.. তারিখের মধ্যে অডিট চলাকালীন সময়ে মিলিয়ে নেয়ার জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে পৃথক কোন যাচাইপত্র ইস্যু করা হবে না।

(মোঃ আব্দুল কাদের)
অডিট অফিসার
ও
উপজেলা সমবায় অফিসার
লৌহজং, মুন্সিগঞ্জ।

স্মারক নং-২৫৭/১(২) তারিখঃ০৯-০৮-২০২৬খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
০১। জেলা সমবায় কর্মকর্তা, মুন্সিগঞ্জ।
০২। ব্যক্তিগত নথি।

(মোঃ আব্দুল কাদের)
অডিট অফিসার
ও
উপজেলা সমবায় অফিসার
লৌহজং, মুন্সিগঞ্জ।